দৈনিক ইত্তেফাক

10

তারিখ 12 JUL 1990
পৃষ্ঠা 7 কলাম 2

# আজ এইচএসসি পরীক্ষা শুরু ঃ পরীক্ষার্থী ৩ লক্ষাধিক

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট শুরু হইতেছে।

পরীক্ষার অসদুপায় অবলম্বন বন্ধ করা প্রশ্নপত্র ও উত্তরপত্র যথাযথভাবে সংরক্ষণসহ শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## আজ এইচএসসি

(১ম পৃ: পর)

সরকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। এই ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি বিশেষ নির্দেশ দিয়াছেন। সরকার সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠানে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট কর্মচারী-কর্মকর্তাদের সহযোগিতা দানের অনুরোধ জানাইয়াছে।

এই বছর মোট ৫ শত ২৪টি কেন্দ্রে পরীক্ষার্থী সংখ্যা ৩ লক্ষ ৯ হাজার ১২ জন। ইহার মধ্যে মহিলা হইতেছে ৯৪ হাজার ২ শত ৬ জন। ঢাকা বোর্ডে পরীক্ষার্থী সংখ্যা ১ লক্ষ ২ হাজার ৭২ জন। কেন্দ্র ১ শত ৪০টি। কুমিল্লা বোর্ডের ১ শত ২১টি কেন্দ্রে পরীক্ষার্থী হইতেছে ৭৪ হাজার ৬ শত ৭৩ জন। রাজশাহী বোর্ডে কেন্দ্র ১ শত ৪২টি, পরীক্ষার্থী ৭৪ হাজার ৬ শত ৪৭। যশোর বোর্ডে কেন্দ্র ১ শত ২১টি, পরীক্ষার্থী ৫৭ হাজার ৬ শত ২০।

ঢাকা মহানগর পুলিশ নগরীর ২৩টি কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষা কেন্দ্রের ২ শত গজের মধ্যে চার বা ততোধিক লোকের সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করিয়াছেন।